

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪৮৪

আগরতলা, ৪ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১৬ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘ক্ষতিগ্রস্তদের কোন খোজখবর নেয়নি প্রশাসন বন্যায় নিঃস্ব অমরপুরের ২০টি মৃৎশিল্পী পরিবার’ শীর্ষক সংবাদটি রাজস্ব দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেছে। এবিষয়ে দপ্তরের বক্তব্য হল যে, প্রকাশিত সংবাদে যে ২০টি মৃৎশিল্পী পরিবারের কথা উল্লেখ করা হয়েছে তাদের অধিকাংশই এসডিআরএফ এর গাইডলাইন অনুযায়ী অন্তর্বর্তীকালীন আর্থিক সহায়তা পেয়েছেন। এছাড়াও অমরপুর নগর পঞ্চায়েত এলাকার ৬টি মৃৎশিল্পী ও অমরপুর পঞ্চায়েত এলাকার ৭ জন মৃৎশিল্পীকে এসডিআরএফ এর গাইডলাইন অনুযায়ী খুব শীঘ্রই আর্থিক সহায়তা প্রদান করা হবে। ২০টি পরিবারকে পরিধেয় কাপড় ও বাসনপত্রাদির জন্য আর্থিক সহায়তা দেওয়ার প্রক্রিয়া চলছে।

\*\*\*\*\*